

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৩

আগরতলা, ৯ এপ্রিল, ২০২৪

ঈদ-উল-ফিতর উপলক্ষে

মুখ্যমন্ত্রীর শুভেচ্ছা

পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে মুখ্যমন্ত্রী প্রফেসর ডা. মানিক সাহা মুসলিম সম্প্রদায়ের জনগণসহ সকল রাজ্যবাসীকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন। শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী বলেন, ‘ত্যাগ ও তিতিক্ষার বার্তা নিয়ে আসে ঈদ-উল-ফিতর। রমজানের পবিত্র দোয়া যাতে সবার সুস্থ ও সুন্দর জীবন গড়ে তুলতে পারে সেটাই হোক ঈদ-উল-ফিতর উদযাপনের প্রার্থনা।

আমি রাজ্যের সকল অংশের জনগণের সুস্থ ও সুন্দর জীবন প্রত্যাশা করছি।’
